

অক্টোবর/২০১৭ মাসের পাইকগাছা উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ ফকরুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।
তারিখ : ০৪ অক্টোবর, ২০১৭
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

উপস্থিতি: পৃথক রেজিস্টারে সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি তার সূচনা বক্তব্যে বলেন, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ আমাদের লক্ষ্য। সেই লক্ষ্য আমাদের সকলকে একযোগে কাজ করতে হবে। তিনি আরো বলেন, আমাদের মোট ৩৮ টি (১ টি উপজেলা, ২৭ টি বিভাগীয় এবং ১০ টি ইউনিয়ন) ওয়েব পোর্টাল রয়েছে। এগুলির টেকনিক্যাল ত্রুটি কম থাকলেও এটি তেমন মানসম্পন্ন ও ব্যবহারকারী-বান্ধব নয়। এমনকি এটা তেমন সেবা-কেন্দ্রিকও নয়। তিনি আরো বলেন, ইউডিসিগুলোর কার্যক্রম তেমন সন্তোষজনক নয়, কোন কোনটির জন্য খুবই হতাশাব্যঞ্জক। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে বিষয়ভিত্তিক নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গ্রহণ করা হয়:

ক্রম	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা এবং বিভাগীয় দপ্তরের ওয়েব পোর্টালের উন্নয়ন।	(ক) উপজেলা এবং বিভাগীয় ওয়েব পোর্টালের সকল তথ্য নতুন ফ্রেমওয়ার্কে বাংলা এবং ইংরেজী ভাষায় হালনাগাদ করতে হবে। হালনাগাদ করার জন্য এটুআই এর গাইডলাইন অনুসরণ করতে হবে। (সময়সীমা ২০ অক্টোবর, ২০১৭)। (খ) পোর্টালটি দৃষ্টি নন্দন করতে হবে। ছবিসমূহ মানসম্পন্ন ও প্রতিনিধিত্বশীল হতে হবে। ফটো গ্যালারি আপডেটেড থাকতে হবে। (গ) নোটিশ ও খবর নিয়মিত আপলোড করতে হবে। উপর্যুক্ত বিষয়ে সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করবেন।	(ক) সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর। (খ) সকল বিভাগীয় অফিসার।
০২	ইউনিয়ন ওয়েব পোর্টালসমূহের উন্নয়ন।	(ক) ইউনিয়ন ওয়েব পোর্টালের সকল তথ্য নতুন ফ্রেমওয়ার্কে বাংলা এবং ইংরেজী ভাষায় হালনাগাদ করতে হবে। হালনাগাদ করার জন্য এটুআই এর গাইডলাইন অনুসরণ করতে হবে। (সময়সীমা ২০ অক্টোবর, ২০১৭)। (খ) পোর্টালসমূহ দৃষ্টি নন্দন করতে হবে। ছবিসমূহ মানসম্পন্ন ও প্রতিনিধিত্বশীল হতে হবে। ফটো গ্যালারি আপডেটেড থাকতে হবে। (গ) নোটিশ ও খবর নিয়মিত আপলোড করতে হবে। উপর্যুক্ত বিষয়ে সহকারী প্রোগ্রামার নিয়মিত পর্যবেক্ষণ করবেন।	(ক) সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর। (খ) ইউপি সচিব (সকল)। (গ) ইউডিসি উদ্যোক্তা (সকল)।
০৩	ইউডিসি কার্যক্রম।	(ক) ইউডিসি উদ্যোক্তাগণ নিয়মিত আয় ও সেবার তথ্য মনিটরিং টুলে নিয়মিত আপলোড করবেন। অনলাইন ব্যবস্থা কাজ না করলে ম্যানুয়ালি আয় ও সেবার তথ্য উপজেলায় প্রেরণ করবে। (খ) ইউডিসিগুলোকে আইসিটি প্রশিক্ষণ কেন্দ্র হিসাবে গড়ে তুলতে হবে। (গ) প্রতিটি ইউডিসিতে একজন পুরুষ এবং একজন নারী উদ্যোক্তা থাকতে হবে। (ঘ) ইউডিসিগুলোকে সেবার মান ও পরিমাণ উভয়ই বৃদ্ধি করতে হবে। (ঙ) প্রতি মাসে সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর কমপক্ষে ৩ টি ইউডিসি সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন।	(ক) সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর। (খ) ইউপি সচিব (সকল)। (গ) ইউডিসি উদ্যোক্তা (সকল)।

০৪	শিক্ষা প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিলিটাল ল্যাবের অধিকতর সক্রিয়করণ।	আইসিটি অধিদপ্তর কর্তৃক পাইকগাছা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিলিটাল ল্যাব ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হয়েছে। এই ল্যাবগুলির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে সহকারী প্রোগ্রামার একটি সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করে তার বাস্তবায়ন অগ্রগতি প্রতি সভায় পেশ করবেন। তিনি এরূপ বিভিন্ন ল্যাব সরেজমিন পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন।	সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর।
০৫	মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন	পাইকগাছা উপজেলায় মাল্টিমিডিয়া ক্লাস বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। উপজেলা শিক্ষা কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকলকে নিয়মিতভাবে পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।
০৬	সদস্য কো-অপ্ট সংক্রান্ত	আইসিটি অধিদপ্তরের উপজেলা কার্যালয়ে সহকারী প্রোগ্রামার যোগদান করায় তাকে উপজেলা আইসিটি কমিটিতে সর্বসম্মতিক্রমে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য সচিব উপজেলা আইসিটি কমিটি
০৭	ন্যাশনাল নেটওয়ার্কের ব্যবহার নিশ্চিতকরণ সংক্রান্ত	পাইকগাছা উপজেলা সকল বিভাগীয় দপ্তরকে ন্যাশনাল নেটওয়ার্কের ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। কোন দপ্তরের নেটওয়ার্ক ঠিক না থাকলে সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করবেন।	(ক) সহকারী প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর। (খ) সকল বিভাগীয় অফিসার।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

Muhammad
08/10/19
মোঃ ফকরুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাইকগাছা, খুলনা।
<http://paikgasa.khulna.gov.bd>

স্মারকনং- ০৫.৪৪.৪৭৬৪.০০১.০৩.০০১.২০১৪-৭৩১

তারিখঃ ০৫.১০.২০১৭

বিতরণঃ সদয় জ্ঞাতার্থ/ জ্ঞাতার্থে ও কার্যার্থ-

- ১। বিভাগীয় কমিশনার, খুলনা।
- ২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৩। জেলা প্রশাসক, খুলনা।
- ৪। চেয়ারম্যান, পাইকগাছা উপজেলা পরিষদ।
- ৫। সহকারী কমিশনার (ভূমি), পাইকগাছা, খুলনা।
- ৬। উপজেলা কর্মকর্তা, পাইকগাছা, খুলনা।
- ৭। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), পাইকগাছা, খুলনা।

Muhammad
08/10/19
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।